



Ref.: SEPEARL/SD/2020/125

Dated: 30th June, 2020.

Notice to refrain from trading/Transfer of shares of Sea Pearl Beach Resort & Spa Ltd.

Notice is hereby given to all persons (Sponsor, Director, Employee, Auditors, Advisors or Beneficial Owner as defined under section 12 of Securities & Exchange Ordinance, 1969) relevant to BSEC notification no. SEC/CMRRCD/2001-26/332 dated 11th July 2004 to refrain from buy, sell or transfer in any means shares of Sea Pearl Beach Resort & Spa Ltd. from 1st July 2020 to the date of Board of Directors meeting adopting and approving Financial Statements for the year ended 30 June, 2020.

Sincerely,

A handwritten signature in dark ink, appearing to be "Md. Azaharul Mamun", written over a faint circular stamp or watermark.

Md. Azaharul Mamun
Company Secretary
Date: 30 June, 2020

Reg. Office :

4 No. K.B Ismail Road, Kachari Ghat, Mymensingh-2200
Tel | 880-91-62134, 091-65012
Fax | 880-91-64049

Corporate Office :

UTC Tower (Level-14), 8 Panthapath, Dhaka-1215, Bangladesh.
Tel | 880-2-9140454, 9140854 E-mail | info@seapearibd.com
Fax | 880-2-9140616 Web | www.seapearibd.com

প্রজ্ঞাপন

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ২৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী-ব্যবসা নিষিদ্ধকরণ) প্রবিধানমালা, ১৯৯৫' এ নিম্নোক্ত সংশোধন করিল, যথা :-

- “১। প্রবিধি নং ১ এ উল্লিখিত সংক্ষিপ্ত শিরনামা 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী-ব্যবসা নিষিদ্ধকরণ) প্রবিধানমালা, ১৯৯৫' এর স্থলে নতুন সংক্ষিপ্ত শিরনামা 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী-ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫' পড়িতে হইবে এবং, অতঃপর, যেইখানে 'প্রবিধানমালা' বা 'প্রবিধান' উল্লিখিত হইয়াছে সেইখানে যথাক্রমে 'বিধিমালা' বা 'বিধি' পড়িতে হইবে।
- ২। বিধি ৪ এর শিরনামের অধীন বিদ্যমান বিধিটি উপ-বিধি (১) হিসাবে গণ্য হইবে এবং, অতঃপর, নিম্নোক্ত নতুন উপ-বিধি (২) সংযুক্ত হইবে, যথা ; -

” (২) ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর কোন স্পনসর (sponsor), পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী, নিরীক্ষক বা নিরীক্ষা কার্যে সম্পৃক্ত ব্যক্তি, পরামর্শক বা আইন উপদেষ্টা, কিংবা Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 12 - এ উল্লিখিত beneficial owner, উক্ত কোম্পানীর বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ হইতে উক্ত হিসাব কোম্পানীর পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানীর শেয়ার ক্রয়, বিক্রয় কিংবা অন্য কোন প্রকারে হস্তান্তর বা গ্রহণ করিতে পারিবেন না।”।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

ডঃ মিজা আজিজুল ইসলাম
চেয়ারম্যান।